দৈনিক সংবাদ

তারিখ ... ৩০/৮/৯১ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

127

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এখনো সশস্ত্র শিবির কর্মীদের দখলে

(নিজস্ব বার্তা পরিবেশক)।

চট্টগ্রাম, ২৯শে আগস্ট।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থার তেমন পরিবর্তন হয়নি। সশস্ত্র শিবির-কর্মীরা তাদের নিয়ন্ত্রণ অব্যাহত রেখেছে। তাদের ঘোষিত সন্ত্রাসবিরোধী সপ্তাহ উদ্‌যাপনের নামে তারা ক্যাম্পাসে মিছিল করছে। এমনকি সমাবেশও। গত পরশু তারা প্রক্টর কার্যালয় ঘেরাওয়ের পর নতুন করে আর কোন ঘেরাও কার্যক্রম নেয়নি। গতকাল নয়া প্রক্টর হিসেবে চট্টগ্রাম জিয়া পরিষদের সভাপতি অধ্যাপক আবুল কাশেম চৌধুরী যোগ দিয়েছেন। তবে শিবির এই নিয়োগের কোন বিরোধিতা করেনি। প্রতিপক্ষ না থাকায় শিবিরের জঙ্গীভাব স্তিমিত হলেও ভিন্ন মতাবলম্বীদের হলে প্রবেশ করতে দিচ্ছে না। শিবিরের একটি বিশেষ সূত্রে জানা গেছে, আগামী ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত শিবির ক্যাম্পাসে ক্লাসও পরীক্ষার বিষয়ে ছাড় দিতে পারে। তাদের ধারণা, বর্তমান অস্থায়ী রাষ্ট্রপতি থাকা অবস্থায় তারা কোন সুবিধা করতে পারবে না। গণভোটের পর শিবির তাদের দখল জোরদার ও উপাচার্যের অপসারণে পুনরায় তৎপর হতেপারে।

বিশ্ববিদ্যালয়ে আজ ক্লাস হয়েছে নামমাত্র। উপস্থিতি বলতে একেবারেই নেই। এদিকে আগামী ১০ই সেপ্টেম্বর থেকে শুরু হচ্ছে বিভিন্ন বর্ষের পরীক্ষা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ঃপৃঃ ৭ কঃ ৬

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ঃ শিবিরকর্মীদের দখলে

(১ম পাতার পর)

এবং কয়েক দফা পেছানোর পর তা শুরু হতে যাচ্ছে । তবে এখনো অনিশ্চিত রয়েছে, বিশেষত পরিস্থিতি যেভাবে শিবির নিয়ন্ত্রণ করে রেখেছে।

সাধারণ ছাত্র পরিষদ অবিলম্বে ফারুক হত্যার আসামীদের গ্রেফতার ও বিশ্ববিদ্যালয়কে অস্ত্র ও সন্ত্রাসমুক্ত করার দাবী জানিয়েছে।